# ইন্টারবরো এক্সপ্রেস (Interborough Express - IBX) বারংবার জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQs)

## IBX-এর ব্যাকগ্রাউন্ড এবং ওভারভিউ

### ইন্টারবরো এক্সপ্রেস (Interborough Express - IBX) কী?

IBX Brooklyn এবং Queens-এর মধ্যে সর্বসাধারণের জন্য নতুন পরিবহন পরিষেবা তৈরি করবে, যার ফলে Bay ridge থেকে Jackson Heights-এ থাকা কমিউনিটির মধ্যে পরিবহন ও যোগাযোগ ব্যবস্থা আরও উন্নত হবে। এটি 17টি পর্যন্ত সাবওয়ে লাইন, একাধিক ডজন বাস রুট এবং Long Island (লং আইল্যান্ড) রেল রোড (LIRR)-এ অ্যাক্সেস উন্নত করবে।

### এই পরিষেবার সম্ভাব্য আরোহী সংখ্যা কত?

প্রাথমিক সমীক্ষায় ইঙ্গিত দেওয়া হয়েছে যে সাপ্তাহিক দিনের দৈনিক আরোহীসংখ্যা 115,000 পর্যন্ত এবং বার্ষিক আরোহীসংখ্যা প্রায় 40 মিলিয়ন হতে পারে।

### এই প্রকল্প থেকে কারা উপকৃত হবেন? কীরকম বৃদ্ধি প্রত্যাশা করা হচ্ছে? এই বৃদ্ধির মধ্যে কি IBX প্রকল্পের ফলে হওয়া বৃদ্ধিকে অন্তর্ভুক্ত করা হয়েছে?

লাইনটির ½-মাইল দূরত্বের মধ্যবর্তী করিডোরের মধ্যে 900,000 জন বাসিন্দা এবং 260,000 জন কর্মী রয়েছেন। New York Metropolitan Transportation Council (নিউ ইয়র্ক মেট্রোপলিটন ট্রান্সপর্টেশন কাউন্সিল) (NYMTC)-এর আর্থসামাজিক পূর্বাভাস তথ্য 2045-এর মধ্যে, 41,000 বাসিন্দা এবং 15,000 চাকরি পর্যন্ত বৃদ্ধির ইঙ্গিত দেয়। এই বাসিন্দা ও কর্মীরা Brooklyn, Queens এবং ওই অঞ্চলের অন্যান্য জায়গার কর্মস্থল ও অন্যান্য গন্তব্যে উন্নত অ্যাক্সেস থেকে উপকৃত হবেন।

এই প্রকল্পটি বিশেষভাবে তাদের জন্য অত্যন্ত সুবিধাজনক হবে যাদের এই করিডোরের মধ্যে যাতায়াত করতে হয়। করিডোরে বসবাসকারী Brooklyn-এর বাসিন্দাদের 55% Brooklyn-এই কাজ করেন, এবং করিডোরে বসবাসকারী Queens -এর বাসিন্দাদের 40% Queens-এ কাজ করেন। এই প্রকল্পটি আমাদের পরিবহন নেটওয়ার্কের মধ্যে সাম্য আনার জন্যও গুরুত্বপূর্ণ। আনুমানিকভাবে করিডোরের বাসিন্দাদের মধ্যে তিন চতুর্থাংশ কৃষ্ণাঙ্গ, 19% দারিদ্র্যসীমার নিচে অবস্থান করেন, এবং 50% বাড়ির নিজস্ব কোনো গাড়ি নেই। প্রত্যক্ষ এই সুবিধাগুলির পাশাপাশি, পরিবহণে অ্যাক্সেস বৃদ্ধি পেলে তা কমিউনিটির মধ্যে রাস্তার যানজট কমাতেও সাহায্য করবে।

### আগে থেকে থাকা এই লাইনগুলি কার মালিকানাধীন?

লাইনটির দক্ষিণের অংশ (11 মাইল) MTA Long Islan Rail Road (লং আইল্যান্ড রেলপথ)-এর মালিকানাধীন। উত্তরের অংশটি (3 মাইল) CSX-এর মালিকানাধীন। দুটির মধ্যবর্তী বিভাজক রেখাটি Queens-এ Fresh Pond Yard-এ রয়েছে।

### প্রকল্পের অবস্থা বা পরিস্থিতি কী? এই প্রকল্পটি এগোবে কি না তা কীভাবে ঠিক করা হবে?

THE INTER–BOROUGH EXPRESS

Metropolitan Transportation Authority
Construction & Development

# IBX বারংবার জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQs)

জানুয়ারি 2024-এ গভর্নর Hochul IBX-এর নির্মাণের জন্য $45 মিলিয়ন ঘোষণা করেন, এটি সম্পর্কে আপনি https://www.governor.ny.gov/news/governor-hochul-announces-highlights-fy-2025-budget-এখানে আরও বিশদে জানতে পারবেন। এই প্রকল্পে গভর্নরের নেতৃত্ব এই গুরুত্বপূর্ণ পরিকল্পনা সংক্রান্ত পদক্ষেপ এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে।

MTA-এর কুড়ি-বছরের প্রয়োজন মূল্যায়নের অংশ হিসাবে, কোন উদ্যোগগুলি সবচেয়ে বড় আঞ্চলিক প্রভাব ফেলবে তা বোঝার জন্য সম্ভাব্য সিস্টেম সম্প্রসারণ প্রকল্পগুলির একটি তুলনামূলক মূল্যায়ন করা হয়েছিল। এই প্রচেষ্টাটি এই অঞ্চলে পরিবহন পরিষেবার ভবিষ্যত সম্পর্কে আমাদেরকে আরও বুদ্ধিদীপ্ত, অবগত সিদ্ধান্ত নিতে সাহায্য করার জন্য সম্ভাব্য সিস্টেম সম্প্রসারণ প্রকল্পগুলির খরচ এবং সুবিধাগুলিকে পরিমাপ করে। এই বিশ্লেষণ দেখায় যে, IBX-এর MTA-এর কৌশলপূর্ণ ভবিষ্যত ভাবনা সমর্থন করার ক্ষমতা রয়েছে। অন্যান্য পরিকল্পনা-স্তরের প্রকল্পগুলির পাশাপাশি, IBX এর আপেক্ষিক খরচ, সুবিধা এবং ঝুঁকি আরও ভালোভাবে নির্ধারণের জন্য এটিকে পরিবেশগত পর্যালোচনার পর্যায়ে এগিয়ে যাওয়া হয়েছে।

**এই প্রকল্প নির্মাণে কী কী প্রকারের অনুমোদন প্রয়োজন হবে?**
কেন্দ্রীয়, রাজ্য এবং স্থানীয় অনুমোদনের প্রয়োজন হবে।

## IBX যাত্রাপথ ও স্টেশন




**এক্ষেত্রে প্রস্তাবিত IBX-রুটটি কী?**
প্রস্তাবিত IBX, (যেভাবে দেখানো হয়েছে) দক্ষিণ এবং পূর্ব Brooklyn এবং সেন্ট্রাল Queens-এর মধ্যে অর্ধবৃত্তে একটি আগে থেকে থাকা মালবাহী লাইন বরাবর চলবে যা Sunset Park, Borough Park, Kensington, Midwood, Flatbush, Flatlands, New Lots, Brownsville, East New York, Bushwick, Ridgewood, Middle Village, Maspeth, Elmhurst এবং Jackson Heights-এর জাতিগতভাবে এবং অর্থনৈতিকভাবে বৈচিত্র্যময় প্রতিবেশী এলাকাগুলির মধ্যে সংযোগ স্থাপন করার পাশাপাশি রেল পরিবহনের পরিষেবা না পাওয়া কমিউনিটির মধ্যে নতুন কিছু স্টেশন নির্মাণ করবে।

**IBX কি Jackson Heights-এর পরেও চলবে যার মধ্যে Bronx-কেও অন্তর্ভুক্ত করা হবে?**
প্রস্তাবিত Jackson Heights টার্মিনাসের উত্তরে আরও এগোলে তা Brox-এর জন্য MTA-এর একটি উচ্চ-অগ্রাধিকার প্রাপ্ত প্রকল্প, মেট্রো-উত্তর Penn Station অ্যাক্সেসের জন্য ব্যবহৃত একই পথের সঙ্গে সংযুক্ত হয়ে যাবে। Penn Station অ্যাক্সেস Bronx এবং Queens-এ বর্তমান Amtrak Hell Gate Line ব্যবহার করে পূর্ব Bronx-এ চারটি নতুন অ্যাক্সেসযোগ্য মেট্রো-উত্তর স্টেশন তৈরি করবে, যা Manhattan, Westchester এবং Connecticut-এ পরিষেবা দেবে। Penn Station অ্যাক্সেসের নির্মাণ চুক্তি 2021-এর শেষে করা হয়েছিল এবং 2027-এ পরিষেবা শুরু হবে বলে আশা করা হচ্ছে। ফলস্বরূপ, IBX-এর যাত্রাপথ পরিকল্পনা লাইনের সেই অংশত প্রাথমিকভাবে

মনোযোগ দেবে যা মেট্রো-উত্তরের Penn Station অ্যাক্সেসের প্রকল্পে কোনোরকম হস্তক্ষেপ না করেই আপগ্রেড করা যাবে।

Penn Station অ্যাক্সেস খোলা হলে, Bronx-এর সঙ্গে সংযোগকারী বর্তমান Hell Gate Lineটি তার সর্বোচ্চ ক্ষমতায় পৌঁছে যাবে, যেহেতু Amtrak ইন্টারসিটি ট্রেন এবং CSX মালবাহী ট্রেনগুলিও ওই লাইন ব্যবহার করে। বর্তমান পরিকাঠামোতে, IBX-এর মতো অন্য একটি খুব কম বিরতিযুক্ত পরিষেবা যোগ করা সম্ভব হবে না। যেমন, IBX-কে Bronx পর্যন্ত সম্প্রসারিত করা হলে তার জন্য বিপুল খরচে (সম্পত্তিতে প্রভাব, ইঞ্জিনিয়ারিং এবং নির্মাণের খরচ অন্তর্ভুক্ত করা হলে) সম্পূর্ণ নতুন একটি সমান্তরাল ব্রিজ এবং লাইন নির্মাণ করার প্রয়োজন হবে।

**LaGuardia Airport-এ কি একটি স্টপ যোগ করা যাবে?**
IBX-এর প্রকল্পের লক্ষ্য হল বর্তমান একটি প্রধান রেল করিডর ব্যবহার করে Brooklyn এবং Queens-এ যাতায়াতকারী বাসিন্দা এবং কর্মীদের জন্য পরিবহণ পরিষেবা উন্নত করা। আমরা জানি New York ও New Jersey-এর বন্দর কর্তৃপক্ষ বর্তমানে (Port Authority of New York & New Jersey) LaGuardia Airport-এ পরিবহণ অ্যাক্সেসের বিকল্পগুলি মূল্যায়ন করছে, IBX প্রকল্প ভবিষ্যতে এয়ারপোর্টের সঙ্গে কোনো রকম সংযোগ প্রদানের ক্ষমতাকে বাধা দেবে না।

**IBX কি Staten Island-এ সংযুক্ত করা যেতে পারে?**
IBX-এর শ্রেণিবিন্যাস এবং Verrazzano-Narrows ব্রিজের মধ্যে বর্তমানে কোনো পথ নেই এবং ব্রিজটি রেল বিকল্পের জন্য নির্মিত হয়নি।

**IBX পরিষেবায় কতগুলি স্টেশন থাকবে?**
বর্তমানে Brooklyn Army Terminal এবং Queens-এর Roosevelt Avenue-এর মধ্যবর্তী 14 মাইল করিডর 19টি স্টেশনের প্রস্তাবনা করা হয়েছে।

**স্টেশনের জায়গাগুলি কি চূড়ান্ত করা হয়েছে?**
2023-এ প্রকাশিত পরিকল্পনা এবং পরিবেশগত সংযুক্তিকরণ প্রতিবেদন চিহ্নিত করেছে যে সম্ভাব্য আরোহীসংখ্যা, নির্মাণযোগ্যতা এবং জায়গার ভিত্তিতে 19টি জায়গা বেছে নেওয়া হয়েছে। এই স্টেশনগুলি ডিজাইন করার জন্য প্রয়োজনীয় ইঞ্জিনিয়ারিংয়ের কাজ 2024-এর শেষের দিকের আগে শুরু হবে না। স্টেশনগুলি ইঞ্জিনিয়ারিং ফেজে চূড়ান্ত করা হবে এবং আমরা ধারাবাহিক ফিডব্যাকের আশা রাখছি।

## IBX কার্যপ্রণালী, বদলি, ও ভাড়া

**প্রস্তাবিত পরিষেবাটি কত ঘন ঘন পরিষেবা দেবে?**
কার্যপ্রণালীর পরিকল্পনা এখনও শুরু হয়নি, তবে প্রস্তাবিত পরিষেবা অনুযায়ী অন্যান্য পরিবহন পরিষেবার মতোই ব্যস্ত সময়ে 5 মিনিট অন্তর এবং তুলনামূলক কম ব্যস্ত সময়ে একটু বেশি সময় অন্তর পরিষেবা প্রদান করা হবে।

**এটি কতগুলি অন্য MTA ট্রানজিট লাইনের সঙ্গে সংযুক্ত হবে?**

- **সাবওয়ে:** 17টি সাবওয়ে লাইন পর্যন্ত (N/R/D/B/Q/2/5/L/3/J/Z/A/C/M/7/E/F)
- **বাস:** 51টি বর্তমান বাস রুট

- **Long Island (লং আইল্যান্ড) রেল রোড:** Atlantic Ave/East New York স্টেশনে সংযুক্তিকরণ

**IBX-এর ভাড়া কেমন হবে?**
বাস্তবায়নের সময় MTA বোর্ড ভাড়া নির্ধারণ করবে। যাইহোক, আমরা আশা করি যে ভাড়া বাস এবং সাবওয়ের প্রামাণিক ভাড়ার সমতুল্য হবে এবং সেই ভাড়ার পরিশোধ MTA-এর বাস এবং সাবওয়ের ভাড়া প্রদানের প্রামাণিক ব্যবস্থা যেমন OMNY বা ভবিষ্যতের অন্যান্য পরিশোধ ব্যবস্থার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে।

**IBX স্টেশনগুলি কি ট্রানজিটের সাথে ফিজিক্যালি সংযুক্ত করা হবে? স্থানান্তর কীভাবে করা হবে?**
বর্তমানে আপনি সাবওয়ে এবং বাস লাইনের মধ্যে যেভাবে বিনামূল্যে অনায়াসে স্থানান্তর করতে পারেন, IBX-এর ক্ষেত্রেও তা করার জন্য আমরা পরিকল্পনা করছি। স্টেশনের প্লাটফর্মগুলির যথাযথ অবস্থান এবং অন্যান্য পরিষেবায় উপলভ্য স্থানান্তর এখনও চূড়ান্তভাবে নির্ধারিত হয়নি। IBX স্টেশনে আগে থেকে থাকা রাইট-অফ - ওয়ের মধ্যে অবস্থিত একটি প্লাটফর্ম থাকবে। ফলত, IBX স্টেশনগুলি খুব সম্ভবত অন্যান্য ট্রানজিট স্টেশনের সাথে ফিজিক্যালি সংযুক্ত থাকবে না। আপনি OMNY ব্যবহার করে IBX-এ ট্যাপ করতে পারবেন এবং OMNY-কে আবার ট্যাপ করে সংযোগকারী বাস এবং সাবওয়ে লাইনে স্থানান্তর করতে পারবেন। ডিজাইন করার সময় স্টেশনের ডিজাইনে এবং স্থানান্তরের সুবিধার দিকে বিশেষভাবে নজর দেওয়া হবে।

## IBX মোড এবং রেলের প্রকার

**MTA কোন মোডে এগোবে এবং কেন?**
IBX প্রকল্প Light Rail Transit (লাইট রেল ট্রানজিট) (LRT)-কে এটির মোড হিসেবে বেছে নিয়ে এগোবে। পরিকল্পনা এবং পরিবেশগত সংযুক্তি সংক্রান্ত সমীক্ষায় দেখা গেছে যে LRT গতানুগতিক রেল ব্যবস্থা এবং Bus Rapid Transit (BRT) বাস র‍্যাপিড ট্রানজিট-এর থেকে বেশি ভালো কাজ করে। এই সিদ্ধান্তে পৌঁছানোর জন্য নিম্নের বিষয়গুলি মূল্যায়ন করা হয়েছিল:

- **পরিষেবা:** LRT হল দ্রুততম বিকল্প এবং তা যাত্রীদের চাহিদা পূরণে সম্পূর্ণ সক্ষম, যা BRT করতে সক্ষম নয়। এছাড়াও, BRT-তে কার্যপ্রণালী সংক্রান্ত সমস্যা রয়েছে যেহেতু এটিকে Jackson Heights স্ট্রিটের কাছ থেকে ঘুরে আসতে হয়।
- **কম-ব্যয়:** LRT হল একটি বহুমুখী ট্রানজিট মোড যা East New York সহ করিডোরের সবচেয়ে সীমাবদ্ধ অংশে পরিষেবা দিতে পারবে এবং অগ্নি ও জীবন সংক্রান্ত সমস্ত নিরাপত্তার প্রয়োজনীয়তা মেনে চলব। লাইট রেল যানবাহনগুলি ন্যূনতম পরিবর্তনের সাথে "অফ-দ্য-শেল্ফ" সংগ্রহ করা যেতে পারে এবং ঐতিহ্যগত MTA রোলিং স্টকের পরিবর্তে সম্ভাব্য সরবরাহকারীদের একটি ভিন্ন পুল থেকে নেওয়া যেতে পারে।
- **মূল্য:** প্রচলিত রেলের নির্মাণকার্যে ব্যয় অনেক বেশি, এবং BRT বেশিসংখ্যক যাত্রীকে স্থানান্তর করতে পারে না, যার ফলে LRT-এর তুলনায় উভয়ের জন্য যাত্রী-পিছু খরচ বেশি হয়।
- **জনসাধারণের ফিডব্যাক:** MTA-এর প্রকল্পের ওয়েবসাইটে 1000-এরও বেশি মন্তব্য এসেছে। এই ফিডব্যাকের সিংহভাগ অংশ করিডরের মধ্যে রেলের বিকল্পটি পছন্দ হিসেবে দিয়েছেন।

**IBX সাবওয়ে গাড়ির বদলে কেন লাইট রেল ব্যবহার করবে?**
লাইট রেল অনেক বেশি সাশ্রয়ী, এর এইপ্রান্ত থেকে অপরপ্রান্তে যাওয়া-আসার সময় কম লাগে এবং এগুলি ন্যূনতম পরিবর্তনের সাথে "অফ-দ্য-শেল্ফ" সংগ্রহ করা যেতে পারে এবং ঐতিহ্যগত MTA রোলিং স্টকের পরিবর্তে সম্ভাব্য সরবরাহকারীদের একটি ভিন্ন পুল থেকে নেওয়া যেতে পারে। লাইট রেল অনেক বেশি কার্যকরী

কারণ এটি একাধিক পরিবেশে কাজ করতে পারে। পরিশেষে, এই মোড বেছে নিলে, MTA সর্বনতুন প্রযুক্তি এবং গাড়ির সরঞ্জাম ব্যবহার করে গ্রাহকদের এক আধুনিক অভিজ্ঞতা দিতে পারবে।

**আপনারা কি Metropolitan Avenue-তে রাস্তায় চলাচলের বিষয়টি বিবেচনা করছেন? আপনারা কীভাবে রাস্তায় চলাচলের সম্ভাবনার সাথে নির্ভরযোগ্য পরিষেবা প্রদান করা সুনিশ্চিত করছেন?**
LRT এর প্রাথমিক সুবিধাগুলির মধ্যে একটি হল ডেডিকেটেড রেল করিডোর এবং স্থানীয় রাস্তার নেটওয়ার্কের মতো যে একাধিক পরিবেশে কাজ করার ক্ষমতা। MTA এটি বিশ্বাস করে না যে সঠিকভাবে রাস্তায় চলাচলের প্রকল্পটি নির্মাণ করা হলে তা কোনোভাবে গতি বা নির্ভরযোগ্যতা হ্রাস করবে।

রাস্তায় চলমান লাইট রেল অপারেশনের উদাহরণ সারা বিশ্বে পাওয়া যাবে, যেমন বহুদূরে Australia-র Melbourne-এ আবার খুব কাছাকাছির মধ্যে Jersey শহরে। এই সমস্ত জায়গাগুলিতে অন্যান্য বহু ট্রেন নিরাপদ এবং কার্যকরভাবে যথাযথ সিগন্যাল ব্যবস্থা এবং রাস্তার মান্য ট্রাফিক সহ রাস্তায় চলাচল করে। ডিজাইনের পরবর্তী পর্যায়ে সফলভাবে রাস্তায় চলাচল সুনিশ্চিত করা একটি প্রধান নির্মাণকার্যের জায়গা। প্রকল্পের ডিজাইনের ক্ষেত্রে এখনও সমস্ত বিকল্পই সম্ভাব্য। গতি এবং নির্ভরযোগ্যতা এই প্রকল্পের আবশ্যিক অংশ এবং MTA যেকোনো যুক্তিযুক্ত ডিজাইনের বিকল্প বিবেচনা করতে প্রতিশ্রুতিবদ্ধ।

## IBX নির্মাণ, সময়কাল এবং ফান্ডিং

**প্রকল্পটি কীভাবে নির্মিত হবে, এবং এই নির্মাণকার্যের কি কোনো প্রভাব পড়বে?**
প্রকল্পের প্রাথমিক পর্যায়ে, নির্মাণ পদ্ধতি, বিস্তারিত বিবরণ এবং সম্ভাব্য প্রভাবগুলি নির্ধারণ করা হয়নি। প্রকল্পের পরিকল্পনা নিয়ে এগোনোর সময়ে, আমরা চারপাশের কমিউনিটিতে নির্মাণের প্রভাব যতটা সম্ভব কমানোর চেষ্টা করব এবং এই ধরনের যে কোনো পরিকল্পনা ভবিষ্যতের সার্বজনীন মিটিংয়ে সর্বসমক্ষে রাখা হবে।

IBX মূলত সক্রিয় মালবাহী রেল পরিষেবাযুক্ত বর্তমান রাইট-অফ-ওয়ে রেলপথেই নির্মিত হবে। যাত্রী পরিষেবা তৈরির জন্য করিডোর জুড়ে এলাকায় সেতু এবং বাঁধ পুনর্নির্মাণের প্রয়োজন হবে। সম্ভাব্য যে কোনো উদ্বেগকে ন্যূনতম করার মতো নির্মাণ পরিকল্পনা তৈরি করত এবং তার পাশাপাশি খরচ এবং নির্ধারিত সময় বিবেচনার মধ্যে সাম্য বজায় রাখতে প্রকল্পের টিম নির্বাচিত আধিকারিক ও কমিউনিটির গ্রুপের সঙ্গে দেখা করবে। সমগ্র প্রক্রিয়া চলাকালীন প্রকল্পের টিম কমিউনিটির সঙ্গে সংযুক্ত থাকবে। বিশদ বিবরণ এবং প্রভাব সম্পর্কে কথা বলার জন্য পরিকল্পনার প্রক্রিয়াকালীন এবং ভবিষ্যতের নির্মাণকার্যের সময় Brooklyn-এ, Queens-এ এবং ভার্চুয়ালি একাধিক জনসভা করা হবে।

**কোনো সম্পত্তির অধিগ্রহণের কি প্রয়োজন হবে?**
প্রকল্পটি প্রাথমিকভাবে বর্তমান MTA এবং CSX-এর মধ্যে রয়েছে, এবং প্রাথমিক গবেষণাগুলি ইঙ্গিত করে যে সম্পত্তি অধিগ্রহণের পরিমাণ ন্যূনতম হবে বলে আশা করা যায়, তবে কিছু পরিমাণ অধিগ্রহণ হওয়ার সম্ভাবনা রয়েছে। সম্পত্তি অধিগ্রহণের সম্ভাবনা সম্পর্কে আরও জানতে আরও ইঞ্জিনিয়ারিং গবেষণা পরিচালনা করা হবে।

**প্রকল্পের নির্ধারিত সময় কী? নির্মাণকাজ কবে শুরু হবে এবং তা কতদিন ধরে চলবে?**
আমরা 2023-2024-এর শীতে পরিবেশগত পর্যালোচনা শুরু করব যা করতে সাধারণত দু বছর সময় লাগে। আমরা পরিবেশগত পর্যালোচনার সাথে সাথেই ডিজাইনের কাজ শুরু করার চেষ্টা করব। যদি প্রকল্পটি

ভবিষ্যতের মূলধন কর্মসূচিতে অর্থায়ন করা হয়, তবে ডিজাইন প্রক্রিয়ার পরে একটি নির্মাণ চুক্তি প্রদান করা যেতে পারে।

**চূড়ান্ত নির্মাণে কি (যদি অর্থায়ন করা হয়) স্থানীয় নিয়োগ এবং MWBE লক্ষ্য অন্তর্ভুক্ত হবে?**
MTA প্রকল্পগুলি এখন স্থানীয় নিয়োগ করার কথা বিবেচনা করতে পারে যা এখন অন্যান্য প্রকল্পে শুরু করা হচ্ছে। এছাড়াও, MTA প্রকল্প MWBE লক্ষ্য নির্ধারণ করে।

**এই প্রকল্পের খরচ কীরকম হবে?**
IBX নির্মাণের সম্ভাব্য খরচ আনুমানিক $5.5বিলিয়ন (2027-এর ডলারে)। এর উচ্চ আরোহীসংখ্যা (সপ্তাহের কার্যদিবসে প্রস্তাবিত 115,000 জন আরোহী) এবং তুলনামূলকভাবে কম নির্মাণ খরচের সুবাদে, লাইট রেল সর্বোত্তম মূল্য প্রদান করে, যার খরচ নিত্য আরোহী পিছু 48,000 ডলার।

**কীভাবে আপনারা এর জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করবেন?**
জানুয়ারি 2024-এ গভর্নর Hochul Interborough Express-এর নির্মাণের জন্য $45 মিলিয়ন ঘোষণা করেন, এটি সম্পর্কে আপনি https://www.governor.ny.gov/news/governor-hochul-announces-highlights-fy-2025-budget.-এখানে আরও বিশদে জানতে পারবেন। এই প্রকল্প এগিয়ে নিয়ে যাওয়ার জন্য এই ফান্ডিং একটি গুরুত্বপূর্ণ আগামী পদক্ষেপ। সম্পূর্ণ ফান্ডিংয়ের জন্য, আমরা এই মুহূর্তে তহবিলের কোনো উৎসকে বাদ দিচ্ছি না, এবং আমরা মাল্টিমোডাল (মালবাহী/যাত্রী) প্রকল্পগুলির জন্য তহবিল কর্মসূচি সহ তহবিলের জন্য যোগ্য রয়েছি তা নিশ্চিত করতে আমরা যুক্তরাষ্ট্রীয় পদ্ধতি অনুসরণ করব।

এছাড়াও, IBX-কে MTA-এর 2025-2029-এর মূলধন প্রোগ্রাম (Capital Program)-এ সম্ভাব্য অন্তর্ভুক্তির জন্য MTA-এর তুলনামূলক মূল্যায়ন প্রক্রিয়ার অন্তর্ভুক্ত করা হয়েছে। এই প্রক্রিয়াটি প্রকল্পটিকে পরিভ্রমণ, খরচ, যাতায়াতের সময়, ধারণক্ষমতা এবং নেটওয়ার্কের উপযোগিতা ইত্যাদি একগুচ্ছ মেট্রিকের সাহায্যে মূল্যায়ন করেছে। এই প্রক্রিয়াটি কুড়ি-বছরের মূলধনের চাহিদার মূল্যায়ন (Twenty-Year Capital Needs Assessment) (https://future.mta.info)-কে অবহিত করছে, যা একটি চূড়ান্ত মূল্যায়ন যা মূলধন প্রোগ্রাম (Capital Program)-এ অগ্রগতির জন্য সম্ভাব্য বিনিয়োগের সুবিধা এবং খরচ বিশ্লেষণ করে। যদি তহবিল শনাক্ত করা হয় এবং MTA এই প্রকল্প এগিয়ে নিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেয়, তাহলে এটি পরবর্তী মূলধন প্রোগ্রাম (Capital Programs)-এর অন্তর্ভুক্ত করা হবে।

## IBX সুরক্ষা, অ্যাক্সেসযোগ্যতা এবং পথচারী ও সাইকেল উন্নতিকরণ

**স্টেশন এবং লাইনে থাকা গাড়িগুলি কি ADA অ্যাক্সেসযোগ্য হবে?**
হ্যাঁ, সমস্ত স্টেশন এবং যানবাহন সকল আরোহীদের জন্য সম্পূর্ণভাবে অ্যাক্সেসযোগ্য হবে।

**এই প্রকল্পের অংশ হিসাবে বাইসাইকেল এবং পথচারীদের জন্য আপনারা কী কী সুবিধার প্রস্তাব করছেন?**
জানুয়ারি 2023-এ, MTA সাবওয়ে এবং কমিউটার রেল স্টেশন, বাস স্টপ এবং সেতু সহ আমাদের নেটওয়ার্ক জুড়ে সাইকেল, পথচারী এবং মাইক্রোমোবিলিটি অ্যাক্সেস উন্নত করার জন্য একটি কৌশলগত কর্ম পরিকল্পনা প্রকাশ করেছে, যা https://new.mta.info/bike-micromobility-strategic-action-plan-এখান থেকে অ্যাক্সেস করা যাবে।

MTA এই প্রকল্পের সঙ্গে সংযুক্ত মাল্টি-মোডাল সুযোগ নিয়ে বিশেষ আগ্রহী, এবং আমাদের গ্রাহকেরা যাতে আরও সহজে হেঁটে বা বাইকিং করে এই ব্যবস্থাটি অ্যাক্সেস করতে পারেন সে জন্য আমরা দায়বদ্ধ। পরিকল্পনা পদ্ধতির এই পর্যায়ে, IBX-এর সঙ্গে সম্পর্কিত বাইসাইকেল এবং পথচারীদের সুবিধা এখনও নির্ধারিত হয়নি। তবে, আমরা যতটা সম্ভব স্টেশনগুলিতে পথচারীদের সংযোগের পাশাপাশি বাইসাইকেল অ্যাক্সেস এবং পার্কিং প্রদান করার আশা রাখছি।

## সংরক্ষণ এবং আগে থেকেই মালবাহী রেলের সাথে সহযোগিতা

**বিদ্যমান লাইনটি বর্তমানে কীসের জন্য ব্যবহৃত হয় এবং এটি IBX প্রকল্পের দ্বারা কীভাবে প্রভাবিত হবে?**

লাইনটি বর্তমানে একটি মালবাহী রেল করিডোর হিসাবে ব্যবহার করা হচ্ছে, যেখানে MTA-মালিকানাধীন অংশে প্রতিদিন তিনটি পর্যন্ত ট্রেন চলাচল করে। এই বিভাগে মালবাহী পরিষেবা New York and Atlantic Railway (NYAR) দ্বারা পরিচালিত হয়, যা CSX, Providence এবং Worcester (P&W), এবং New York New Jersey (NYNJR) রেলকার ফ্লোটের সাথে বিনিময় করে, যা একাধিক রেল মালবাহী গ্রাহকদের লাইনের বাইরে পরিষেবা দেয়। ভবিষ্যতে মালবাহী রেলের সাথে এই করিডোরটিকে নির্বিঘ্নে ভাগ করার জন্য IBX যাত্রী পরিষেবা ডিজাইন করা হবে।

আমরা জানি যে MTA-এর মালিকানাধীন ট্র্যাকগুলিতে বিদ্যমান মালবাহী পরিষেবা সম্পর্কে জীবনের মান সংক্রান্ত উদ্বেগ রয়েছে এবং আমরা এই সমস্যাগুলি সমাধান করতে প্রতিশ্রুতিবদ্ধ। নতুন মালবাহী লোকোমোটিভ যা থেকে নিঃসরণ কম হয় এবং যার শব্দের মাত্রা কম তাদের জন্য তহবিল উপলব্ধ রয়েছে এবং একটি সক্রিয় তহবিল সংগ্রহ চালু আছে। এছাড়াও, ইন্টারবরো এক্সপ্রেস (Interborough Express) প্রকল্পের অংশ হিসাবে, আমরা সেই করিডোরগুলিতে আপগ্রেড করার কথা ভাবছি যার ফলে মালবাহী পরিচালনা কম ব্যাহত হবে।

**CSX-এর মালিকানাধীন রাইট-অফ-ওয়ে (Freemont Secondary)-এর সঙ্গে প্রকল্পটি কীভাবে সম্পর্কিত?**

IBX শ্রেণিবিন্যাসের উত্তরের তিন মাইল (মোটামুটি Fresh Pond Yard থেকে Jackson Heights, Queens পর্যন্ত) Freemont Secondary নামে পরিচিত করিডোরের একটি অংশে অবস্থিত, যা CSX রেলপথের মালিকানাধীন। আমাদেরকে তাদের করিডোরের মধ্যে তাদের বর্তমান এবং ভবিষ্যতের মালবাহী ক্রিয়াকলাপগুলির সাথে পরিপূরকভাবে কাজ করতে দেওয়ার জন্য একটি চুক্তিতে আসতে MTA, CSX-এর সঙ্গে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ।

**IBX কীভাবে Cross-Harbor Freight Program Study (বন্দর-মধ্যবর্তী মালবাহী কর্মসূচী সংক্রান্ত গবেষণ)-র ভবিষ্যতকে প্রভাবিত করে?**

New York এবং New Jersey-এর বন্দর কর্তৃপক্ষ (Port Authority of New York and New Jersey - PANYNJ) পোতাশ্রয় মধ্যবর্তী মালবাহী কর্মসূচী (Cross Harbor Freight Program - CHFP) নামে পরিচিত তার নিজস্ব প্রকল্প অনুসরণ করছে, যার উদ্দেশ্য পূর্ব-Hudson এবং পশ্চিম-Hudson-এর অঞ্চলগুলির মধ্যে New York পোতাশ্রয় জুড়ে মালবাহী চলাচলকে উন্নত করা। এই স্বতন্ত্র PANYNJ প্রকল্পের অধীনে, অতিরিক্ত মালবাহী ট্রেনগুলি MTA-এর IBX প্রকল্পের সংলগ্ন পৃথক ট্র্যাকে চলাচল করবে। CHFP প্রকল্পকে বাধা না দেওয়ার জন্য IBX তৈরি করা হচ্ছে, এবং MTA এবং PANYNJ তাদের নিজ নিজ প্রকল্পের জন্য ডিজাইন ও কার্যপ্রণালীর সমন্বয় নিশ্চিত করার জন্য একসঙ্গে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ। CHFP প্রকল্প সম্পর্কে আরও তথ্য https://www.panynj.gov/port/en/our-port/port-development/cross-harbor-freight-program.html-এখানে পাওয়া যাবে।

# IBX বারংবার জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQs)

**সেখানে কতগুলি ট্র্যাক থাকবে এবং IBX-এর জন্য কি আরও ট্র্যাক যোগ করতে হবে?**
IBX লাইট রেল পরিষেবার জন করিডোরের মধ্য দুটি নতুন যাত্রীবাহী ট্র্যাক তৈরি করা হবে, ডেডিকেটেড মালবাহী ট্র্যাকগুলিতে মালবাহী ট্র্যাফিক পরিচালনা করা হবে।

## IBX-এ জনসাধারণের অন্তর্ভুক্তি এবং পরবর্তী পদক্ষেপ

**সময়রেখা সহ প্রকল্পের পরবর্তী ধাপগুলি কী কী?**
আমরা 2024 সালে সরকারিভাবে পরিবেশগত পর্যালোচনা শুরু হবে বলে আশা করছি। পরিবেশগত পর্যালোচনার উদ্দেশ্য হল IBX প্রকল্পের একটি পুঙ্খানুপুঙ্খ মূল্যায়ন করা এবং এই ফলাফলগুলি নথিভুক্ত করা। এই প্রক্রিয়া চলাকালীন, আমরা জনসাধারণের কাছে গিয়ে এবং বক্তব্য শোনার মাধ্যমে আপনার মন্তব্যগুলি প্রকাশ করব এবং বিবেচনা করবা।

আমরা আশা করছি আনুষ্ঠানিকভাবে প্রকল্পটি ডিজাইন করার পদ্ধতি 2024-এর শেষে 2025-এর শুরুতে শুরু করা যাবে, যাতে আরও এক থেকে দুই বছর লাগবে। IBX যদি নির্মাণের উপযোগী বলে নির্ধারিত হয়, তবে MTA-কে নির্মাণের জন্য প্রয়োজনীয় তহবিল শনাক্ত করতে হবে। প্রকল্প চলাকালীন, সমস্ত মন্তব্য শোনা হচ্ছে কিনা নিশ্চিত করতে MTA কমিউনিটি, নির্বাচিত আধিকারিক এবং অংশীদারদের সঙ্গে যুক্ত থাকবে।

**কোথায় আমি আগের এবং ভবিষ্যতের মিটিং সম্পর্কে আরও তথ্য পেতে পারি?**
MTA 19 মে, 22 সেপ্টেম্বর এবং 16 অগাস্ট, 2023-এ তিনটি ইন-পার্সন Town Hall ইভেন্ট এবং নভেম্বর 2023 ও জানুয়ারী 2024-এর মধ্যে ইন-পার্সন Open Houses-এর একটি সিরিজ আয়োজন করেছে। আগের মিটিংগুলির তথ্য ও ভবিষ্যতের মিটিং আপডেট পাওয়ার জন্য https://new.mta.info/ibx-এ যান। আপনি যে কোনো সময় এখানে ইমেইল করে প্রশ্ন ও মন্তব্য জমা দিতে পারেন: IBXOutreach@mtacd.org।